# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং: রেজিঃ/সংস্থাপন-২/আউটসোর্সিং-১৭২/২৩/৯৪০ তারিখ: ০৪-০৪-২০২৪

## আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে সেবা ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ নিম্নোক্ত দপ্তর ও পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে সেবা ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | দপ্তর/শাখা | সেবাকর্মীর ক্যাটাগরি | সেবাকর্মীর সংখ্যা | মাসিক সেবামূল্য (সাকুল্য) | অতিরিক্ত কাজ |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিবহন শাখা | ড্রাইভার (ক্যাটাগরি-২) | ০৫ | ১৭,৬২০/- | অতিরিক্ত কাজ প্রয়োজনে করতে হবে ও অতিরিক্ত সেবামূল্য বিধি মোতাবেক প্রাপ্য হবেন। তবে উৎসব ভাতা ও নববর্ষ ভাতা প্রাপ্য হবেন না। |
| | | হেল্পার (ক্যাটাগরি-৫) | ০৩ | ১৬,৬২০/- | |

আগ্রহী প্রার্থীদের উপরোল্লিখিত সেবাসমূহের বিপরীতে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.sau.ac.bd এ প্রকাশিত নিয়োগ যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীর আলোকে ০৯-০৪-২০২৪ হতে ২৩-০৪-২০২৩ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

স্বাঃ

(মো. বদরুল ইসলাম)

রেজিস্ট্রার

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

**আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে সেবা ক্রয়ের ক্ষেত্রে ড্রাইভার (ক্যাটাগরি-২) এর যোগ্যতা ও অভিজ্ঞতা**

ক) বিভিন্ন প্রকার মটরযান চালানোর বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হেভি ড্রাইভিং লাইসেন্সধারিসহ ৮ম শ্রেণী/ অন্যান্য ড্রাইভিং লাইসেন্সধারিসহ এসএসসি পাশ হতে হবে।
খ) ট্রাফিক সিগনাল বিষয়ে বাস্তব জ্ঞান থাকতে হবে।
গ) বয়স: অনুর্ধ্ব ৩০ বছর। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

**আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে সেবা ক্রয়ের ক্ষেত্রে হেল্পার (ক্যাটাগরি-৫) এর যোগ্যতা ও অভিজ্ঞতা**

ক) ট্রাফিক সিগনাল বিষয়ে জ্ঞান ও গাড়ি রক্ষণাবেক্ষণ কাজের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণি পাশ হতে হবে।
খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
গ) বয়স: অনুর্ধ্ব ৩০ বছর।

**প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:**

১. আগ্রহী প্রার্থীদের ০৯-০৪-২০২৪ হতে ২৩-০৪-২০২৩ তারিখ রাত ১২.০০ ঘটিকার মধ্যে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.sau.ac.bd অথবা career.sau.ac.bd এই লিংকে আবেদনপত্র পূরণ করে ডাউনলোড করতে হবে।
২. প্রার্থীকে নাম ও মোবাইল নাম্বার ব্যবহার করে career.sau.ac.bd পোর্টাল এ রেজিস্ট্রেশন সাপেক্ষে একটি User Id ও Password তৈরি হবে যা আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। উক্ত User Id এবং Password ব্যবহার করে প্রার্থীকে প্রোফাইল তৈরি করতে হবে। প্রোফাইল তৈরির পর প্রতিটি পদের জন্য আলাদাভাবে আবেদন করা যাবে। আবেদনকৃত প্রতিটি সেবার জন্য পৃথক Application ID তৈরি হবে। উক্ত Application ID-টি আবেদন ফি জমা প্রদানের সময় ব্যবহার করতে হবে এবং User Id ও Password ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে Login করে প্রার্থীর নিজস্ব Dashboard এ পরীক্ষার প্রবেশপত্রসহ পরীক্ষার সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে।
৩. প্রতিটি সেবা ক্যাটাগরির জন্য ২ (দুই) সেট দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে প্রেরণ/দাখিল করতে হবে। চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং অন্য সেটগুলোর সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।
৪. প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও পেমেন্ট স্লিপ (প্রতি সেটের সাথে) সংযুক্ত করতে হবে।
৫. ড্রাইভার (ক্যাটাগরি-২) এর জন্য বিআরটিএ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স/প্রত্যয়নপত্র/প্রমাণক দাখিল করতে হবে।
৬. হেল্পার (ক্যাটাগরি-৫) এর জন্য সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৭. বয়স ১৮-৩০ বছর (বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।
৮. মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও অন্যান্য বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
৯. অভিজ্ঞতা বলতে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
১০. প্রার্থীত সেবাকর্মীর ক্যাটাগরি ও এপ্লিকেশন নাম্বার খামের উপর স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।
১১. আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে সেবা ক্রয়ের ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের নগদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি ৬০০/- (টাকা ছয়শত মাত্র) ২৩-০৪-২০২৪ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে পরিশোধ করতে হবে (অফেরতযোগ্য)। প্রার্থীকে SMS এর মাধ্যমে প্রদানকৃত User Id এবং Password ব্যবহার করে career.sau.ac.bd পোর্টাল থেকে আবেদনকৃত প্রতিটি সেবার জন্য Online এ আবেদন ফি প্রদান করতে পারবে।
১২. দরখাস্ত ২৫-০৪-২০২৪ তারিখ অফিস চলাকালীন সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।
১৩. ভুয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৬. শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
১৭. আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে বেতন-ভাতাদি বিধি অনুযায়ী প্রদান করা হবে।
১৮. নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৯. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা বিশ্ববিদ্যালয়ের সাথে লিখিত চুক্তিতে আবদ্ধ থাকবেন।

**স্বাঃ**
**(মো. বদরুল ইসলাম)**
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।